



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১২ জুলাই ২০১৬

শ্রেণি বিজ্ঞপ্তি

ইউপিডিএফ নেতা মিঠুন চাকমাকে গ্রেফতারের নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) কেন্দ্রীয় সদস্য ও খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক উজ্জ্বল স্মৃতি চাকমা আজ ১২ জুলাই ২০১৬ মঙ্গলবার এক বিবৃতিতে ইউপিডিএফ-এর অন্যতম সংগঠক ও পাহাড়ি ছাত্র পরিষদের সাবেক সভাপতি মিঠুন চাকমাকে গ্রেফতারের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং অবিলম্বে তাঁকে নিঃশর্ত মুক্তি দেয়ার দাবি করেছেন।

বিবৃতিতে তিনি বলেন, 'সোমবার দিবাগত মধ্যরাত আনুমানিক সাড়ে ১২টার সময় খাগড়াছড়ি জেলার এএসপি রইছ উদ্দিনের নেতৃত্বে ৪০-৫০ জনের একদল পুলিশ খাগড়াছড়ি জেলা সদরের অপর্ণাচরণ চৌধুরী পাড়ায় গিয়ে মিঠুন চাকমার বাড়ি ঘেরাও করার পর দরজা ভেঙে ভেতরে ঢোকার চেষ্টা করে। এ সময় মুরুব্বী অথবা জনপ্রতিনিধির উপস্থিতি ছাড়া দরজা খুলে না দিলে পরে পুলিশ স্থানীয় পৌর কাউন্সিলর মাসুদুল হককে ডেকে নিয়ে এসে রাত ১টার দিকে মিঠুন চাকমাকে গ্রেফতার করে নিয়ে যায়।'

ইউপিডিএফ নেতা মিঠুন চাকমার গ্রেফতারকে সম্পূর্ণ অগণতান্ত্রিক, ফ্যাসিস্ট ও মৌলিক অধিকারের পরিপন্থী আখ্যায়িত করে উজ্জ্বল স্মৃতি চাকমা বলেন, 'ইউপিডিএফের উপর চলমান রাজনৈতিক দমনপীড়নের অংশ হিসেবে তাকে আটক করে মিথ্যা মামলায় ফাঁসানো হয়েছে।

তিনি অভিযোগ করে বলেন, 'গণতান্ত্রিক যুব ফোরামেরও সাবেক সভাপতি মিঠুন চাকমা পার্বত্য চট্টগ্রামে জনগণের ন্যায্য অধিকার আদায়ের আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন। তাকে স্তব্ধ করে দেয়ার জন্য তাকে মিথ্যা মামলায় গ্রেফতার করা হয়েছে।'

কোন ধরনের দমনপীড়ন, মিথ্যা মামলা, গ্রেফতার, হুলিয়া ও নির্যাতন ইউপিডিএফকে তার অভীষ্ট লক্ষ্য থেকে বিচ্যুত করা যাবে না এবং জনগণের ন্যায্যসঙ্গত গণতান্ত্রিক আন্দোলনকে স্তব্ধ করা যাবে না বলে তিনি মন্তব্য করেন।

উজ্জ্বল স্মৃতি চাকমা অবিলম্বে মিঠুন চাকমাকে নিঃশর্ত মুক্তি প্রদান এবং পার্বত্য চট্টগ্রামে সামরিক শাসন বন্ধ করে পূর্ণ গণতান্ত্রিক পরিবেশ ফিরিয়ে দেয়ার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।